# Times Today BD

সিনিয়র রিপোর্টার | আন্তর্জাতিক | 10 April, 2025

মালয়েশিয়ার কেদাহ রাজ্যে ইমিগ্রেশনের ধারাবাহিক অভিযানে বাংলাদেশিসহ ১৯ জন অবৈধ অভিবাসীকে গ্রেফতার করা হয়েছে।

মঙ্গলবার রাজ্যের চারটি জেলায় ধারাবাহিক অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়েছে বলে জানিয়েছে অভিবাসন বিভাগ।

বুধবার কেদাহ ইমিগ্রেশন ডিরেক্টর, মোহাম্মদ রিদজুয়ান মোহাম্মদ জেইন এক বিবৃতিতে জানিয়েছেন, গোয়েন্দা তথ্য এবং জনসাধারণের তথ্যের ভিত্তিতে এই অভিযান চালানো হয়।যেখানে সেলাইয়ের দোকান, খাবারের দোকান, কারখানা এবং খুচরা দোকানের মতো বেশ কয়েকটি স্থানে অভিযান চালানো হয়।ইয়ান জেলায় চালু হওয়া অপ মাহিরে মোট ৩০ জন বিদেশিকে তল্লাশি করা হয় এবং তাদের মধ্যে ১০ জনকে গ্রেফতার করা হয়।

এছাড়া কোটা সেতারের অপ বেলাঞ্জা থেকে পাঁচজন অবৈধ অভিবাসীকে, পেন্ডাংয়ের অপ সাপুতে আরও তিনজন এবং কুয়ালা মুদায় একই অভিযানে একজনকে গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতাররা মায়ানমার, বাংলাদেশ, নেপাল, থাইল্যান্ড, ইন্দোনেশিয়া এবং পাকিস্তানের নাগরিক এবং তারা অভিবাসন আইন ১৯৫৯/৬৩, পাসপোর্ট আইন ১৯৬৬, অভিবাসন নিয়ন্ত্রণ ১৯৬৩ এবং অভিবাসী পাচার ও চোরাচালান বিরোধী আইন ২০০৭ (অপটিজম) এর অধীনে বিভিন্ন অপরাধের তাদের গ্রেফতার করা হয়।

কেদাহ ইমিগ্রেশন অবৈধ অভিবাসীদের উপস্থিতির বিরুদ্ধে এবং দেশের নিরাপত্তা ও কল্যাণে ধারাবাহিকভাবে অভিযান চালিয়ে যেতে প্রতিশ্রুতিবদ্ধ বলে জানিয়েছে বিভাগটি।

জনসাধারণকে অবৈধ অভিবাসীদের সাথে সম্পর্কিত যেকোনো তথ্য জানানোর আহ্বান জানিয়েছে রাজ্যের অভিবাসন বিভাগ।

মালয়েশিয়া

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:19

URL: https://www.timestodaybd.com/public/international/961934533